ঝিনাইদহ দোকান মালিক সমিতির আহবায়ক কমিটি গঠন

বাংলাদেশ দোকান মালিক সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বৃহস্পতিবার রাতে শহরের কালীচরনপুর সুপার মার্কেট কেপি বসু সড়ক (২য় তলায়) দোকান মালিক সমিতির অফিসে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

ঝিনাইদহ দোকান মালিক সমিতির সাবেক সহ-সভাপতি সাজু আহমেদ দুলাল’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এড. এম এ মজিদ। সেসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ব্যবসায়ী নেতা জাহিদ ইসলাম, রফিকুল আলম, মোঃ আমান্নউল্লাহ, মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, মোঃ মশিউর রহমান বাবলু, মনিরুজ্জামান খান মিঠু, মোঃ আলমগীর হোসেন, এম রবিউল ইসলাম রবি, এ এস এম এনায়েতুল্লাহ নয়ন, মোঃ আজিজুল হক সান্ডি, মোঃ মোকলেচুর রহমান ও সাজু আহম্মেদ দুলাল প্রমুখ। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে সকলের সর্বসম্মতিক্রমে আনোয়ারুল ইসলাম বাদশাকে আহবায়ক ও মনিরুজ্জামান খান মিঠুকে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

প্রধান অতিথি এড. এম এ মজিদ বলেন, নব-গঠিত এই কমিটি ঝিনাইদহ ব্যবসায়ীদের নানা অধিকার রক্ষাসহ জেলার ব্যবসা-বাণিজ্যের মান উন্নয়নে কাজ করবে বলে আশা করেন তিনি। পরে প্রধান অতিথি এড, এম এ মজিদ জেলা দোকান মালিক সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক কমিটি নেতৃবৃন্দর হাতে তুলে দেন।

দর্শনা দোকান মালিক সমিতির নির্বাচন কমিশন গঠন

দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির নাম পরিবর্তন করে নতুনভাবে নামকরণ করা হয়েছে দর্শনা দোকান মালিক সমিতি। দর্শনা দোকান

মালিক সমিতির সাধারণসভা অনুষ্ঠিত হয়েছে। গত পরশু শুক্রবার সন্ধ্যায় দর্শনা রেলবাজাররে কাচামাল আড়ৎ পাট্রিত অনুষ্ঠিত এ সভায় অতিথি হিসবে উপস্তি ছিলেন, দোকান মালিক সমিতি সাবেক সভাপতি তোফাজ্জল হোসন, বিশিষ্ট সমাজ সেবক আকমত আলী, আশরাফুল হক উলুম, আব্দুস সালাম, সাংবাদিক হানিফ মন্ডল, হাজি হাফিজুল ইসলাম, খন্দকার জহিদুল ইসলাম, হারুন অর রশিদ প্রমুখ।

সভাপতিত্ব করেন দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান। উপস্থাপনা করেন সাধারণ সম্পাদক সাবির হোসন মিকা। সেই সাথে নির্বাচন পরিচালনা কমিটির নাম ঘোষনা করা হয়। নির্বাচন পরিচালনা পর্ষদের প্রধান, চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান। সদস্য হাজি আকমত আলী, গোলাম ফারুক আরিফ, আশরাফুল হক উলুম, মাও শফিউদ্দিন, হানিফ মন্ডল ও হাফিজুল ইসলাম।

আজ শনিবার সন্ধ্যায় নির্বাচন পরিচালনা কমিটির প্রথম বৈঠকেই নির্বাচনী তফসিল ঘোষনা করেছে। কমিটির প্রধান আজিজুর রহমান স্বাক্ষরিত ঘোষিত তফসিলে জানা গেছে, গতকালেই সমিতি কর্তক প্রদেয় খসরা ভাটার তালিকা প্রকাশ করা হয়েছে।

আগামীকাল ররিবার থেকে মঙ্গলবার পর্যন্তÍ ভোটার তালিকায় অন্তভূক্তি ও ওয়ার্ড সংশোধনীয়। ৪ অক্টোবর চুডান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ৫ ও ৬ অক্টোবর প্রার্থীদের মধ্য মনোনয়নপত্র বিতরণ। ৭ অক্টাবর মনোনয়নপত্র জমা, পররে দিন মনোনয়নপত্র বাচাই, প্রার্থীতা বাতিলর উপর আপিল ও বৈধ প্রার্থী তালিকা প্রকাশ। ৯ অক্টাবর প্রার্থীতা প্রত্যাহার, পররে চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রার্থীদর মধ্য প্রতিক বরাদ্দ দেয়া হবে। ২০ অক্টোবর সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্তবিরতিহীনভাবে দর্শনা ডিএস সিনিয়র ফাজিল ডিগ্রী মাদরাসা কেদ্র গোপন ব্যালাটের মাধ্যমে ভোট গ্রহন করা হবে।

দর্শনায় দোকান মালিক সমিতির

ত্রি- বার্ষিক সাধারণ সভা

দর্শনায় দোকান মালিক সমিতির ত্রি-বার্ষিক সাধারন সভা অনুষ্টিত হয়েছে। আজ শুক্রবার সন্ধায় দর্শনা রেল বাজার কাঁচা বাজার চত্বরে এ সাধারন সভা অনুষ্টিত হয়।

দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সভায় সভাপতিত্ব করেন,দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতানের সভাপতিত্বে, অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,সাবেক সভাপতি তোফাজ্জেল হোসেন,বিশিষ্ট সমাজ সেবক হাজী আকমত আলী,আশাবুল হক উলুম,আব্দুস সালাম,দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল,বিশিষ্ট ব্যাবসায়ী হাফিজ উদ্দীন, হারুন অর রশিদ, বিশিষ্ট হোটেল ব্যাবসায়ী জহির উদ্দীন, অনুষ্টানটি উপস্থাপনা করেন,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক, সাবির হোসেন মিকা।এ সাধারন সভায় নির্বাচন কমিশনের নাম ঘোষনা করা হয়েছে।

এ কমিটিতে প্রধান নির্বাচন কমিশনার চুয়াডাঙ্গা মহিলা সরকারী কলেজের অধ্যক্ষ আজিজুর রহমানকে প্রধান নির্বাচন কমিশনার করে। হাজী আকমত আলী, আশরাফুল হক উলুম, গোলাম ফারুক আরিফ, হানিফ মন্ডল, শফি উদ্দীন, হাফিজকে সদস্য করা হয়েছে। আগামী ২০ অক্টোবর দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির নির্বাচন অনুষ্টিত হবে।